## আরও খবর

### সাংসদের সই নকল করে আয়কর

সাংসদ ডাঃ কাকলি ঘোষ দস্তিদারের সই নকল করে অনলাইনে তাঁর নামে জমা দেওয়া হয়েছে ভুয়ো আয়কর রিটার্ন। মধ্যমগ্রাম থানায় লিখিত অভিযোগ করেছেন কাকলি। উত্তর ২৪ পরগনা জেলা পুলিশ সুপার সি সুধাকর জানান, মামলাটি সাইবার থানায় নিয়ে যাওয়া হবে। কাকলির অভিযোগ, আয় কম দেখিয়ে, সই নকল করে রিটার্ন দাখিল করা হয়েছে।

### সাংসদের বিরুদ্ধে

সাংসদের বিরুদ্ধে অশ্লীল পোস্টার। পুলিশ লেখা গাড়ি–সহ আটক করা হল একজনকে। মঙ্গলবার রাত দুটো নাগাদ শ্রীরামপুরের বিভিন্ন এলাকায় সাংসদ কল্যাণ ব্যানার্জির নামে একাধিক পোস্টার পড়ে। পোস্টারে কাটমানি নেওয়ার পাশাপাশি অশ্লীল ভাষায় সাংসদকে আক্রমণ করা হয়। বাংলা হিন্দি এবং উর্দু পোস্টারগুলি ছিল হাতে লেখা।

### ওরাল হাইজিন ডে

ইন্ডিয়ান ডেন্টাল অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ শাখা ও ইন্ডিয়ান সোসাইটি অব পেরিওডন্টোলজির উদ্যোগে দু' দিনব্যাপী পালিত হল ওরাল হাইজিন ডে। আলিপুরের কমান্ড হাসপাতালে আলোচনাসভা এবং ৪০ জন চিকিৎসককে রিজেনারেটিভ সার্জারির প্রশিক্ষণ দেওয়া হয়। আর আহমেদ ডেন্টাল কলেজ হাসপাতালে মুখের যত্ন ও মুখের রোগ সম্পর্কে সচেতন করা হয়। কালীঘাটে হয় মুখগহ্বর পরীক্ষা শিবির।

### কিশোর কণ্ঠ চাই

কিশোর কুমারের ৯০তম জন্মদিন উপলক্ষে হাওড়ায় কিশোর কণ্ঠের শিল্পী নির্বাচন প্রতিযোগিতার আয়োজন করেছে হাওড়া জেলা সাংস্কৃতিক উন্নয়ন মঞ্চ ও কিশোর কুমার ফ্যান অ্যাসোসিয়েশন। 'খুঁজেছি তোমায় কিশোর' শীর্ষক ওই প্রতিযোগিতা হবে রবিবার শিবপুর পাবলিক লাইব্রেরির অডিটোরিয়ামে।

# নহাটা কলেজের সংসদে ঢুকে এবিভিপি–র তাণ্ডব



এবিভিপি–র হামলার নমুনা গোপালনগরের নহাটা কলেজে। ছবি: প্রতিবেদক

**নিরুপম সাহা**
গোপালনগর, ১ আগস্ট

কলেজের ভেতরে ঢুকে তৃণমূল ছাত্র পরিষদের (টিএমসি) সদস্যদের বেধড়ক মারধরের অভিযোগ উঠল অখিল ভারত বিদ্যার্থী পরিষদের (এবিভিপি) বিরুদ্ধে। পাশাপাশি ছাত্র সংসদের তালা ভেঙে মনীষীদের ছবি ভাঙচুরের অভিযোগও উঠছে তাদের বিরুদ্ধে। এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায় উত্তর ২৪ পরগনার গোপালনগরের নহাটা যোগেন্দ্রনাথ মণ্ডল স্মৃতি মহাবিদ্যালয়ে। পরে পুলিশ বাহিনী গিয়ে পরিস্থিতি সামাল দেয়। এ ব্যাপারে কলেজের পক্ষ থেকে পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

গোপালনগর

কলেজ সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার নহাটা কলেজের বিএ প্রথম বর্ষের পাশ কোর্সের ছাত্রছাত্রীদের প্রথম দিনের ক্লাস শুরু হওয়ার কথা ছিল। এমন একটি দিনে তৃণমূল ছাত্র পরিষদের পক্ষ থেকে নবাগতদের সঙ্গে পরিচিত হওয়ার জন্য অধ্যক্ষকে অনুরোধ করা হয়। তিনি তার অনুমতি দেন। কথা ছিল এদিন প্রথমে তৃণমূল ছাত্র পরিষদ কলেজের ২০৭ নম্বর ঘরে এই কর্মসূচি পালন করবে। পরে অধ্যক্ষ নবাগতদের উদ্দেশে ভাষণ দেবেন। শেষে এবিভিপি–র পক্ষ থেকেও পরিচিত হওয়ার সিদ্ধান্ত হয়। কিন্তু সেই কর্মসূচি শুরু হওয়ার আগেই এবিভিপি–র ছাত্ররা বহিরাগতদের নিয়ে লাঠি হাতে কলেজে ভাঙচুর করে বলে অভিযোগ। কলেজের ছাত্র সংসদের–সহ সভাপতি নয়ন চক্রবর্তীর অভিযোগ, 'এদিন এবিভিপি–র সদস্যরা আমাদের কলেজের দ্বিতীয় বর্ষের এক ছাত্রীকে কটূক্তি করে। আমরা তার প্রতিবাদ করায় গোলমালের সূত্রপাত। এর কিছুক্ষণ পরই বিজেপি–র স্থানীয় নেতৃত্বদের নিয়ে এবিভিপি ছাত্ররা জোর করে কলেজের ভেতরে ঢুকে আমাদের ছাত্রদের বেধড়ক মারধর করে। এতে অমিত ভৌমিক, অঙ্কন সরকার, অনিরুদ্ধ চক্রবর্তী এবং পল্লব নন্দী নামে আমাদের ৪ ছাত্র জখম হন। এরপর তারা ছাত্র সংসদের তালা ভেঙে ভেতরে ঢুকে তাণ্ডব চালায়। ঘরের ভেতরে থাকা মমতা ব্যানার্জি, রবীন্দ্রনাথ ঠাকুর এবং বিধানচন্দ্র রায়ের ছবি ভেঙে মাটিতে ফেলে দেয়। ঘরের টিভি, টেবিলের কাচ, চেয়ার–সহ যাবতীয় জিনিস ভাঙচুর করে।'

কলেজের অধ্যক্ষ অর্ণব ঘোষ বলেন, 'এদিন দুপুরে হঠাৎ তৃণমূল ছাত্র পরিষদের কয়েকজন ছাত্র ভয়ে আমার ঘরে আশ্রয় চান। পিছন পিছন কয়েকজন বহিরাগতকে নিয়ে মারমুখি হয়ে আমার ঘরে ঢুকে ওই ছাত্রদের তাদের হাতে তুলে দেওয়ার দাবি করে এভিভিপি–র ছাত্ররা। এরপরই ছাত্র সংসদে ভাঙচুরের শব্দ পাই।' তিনি আরও বলেন, 'কলেজে ঢুকে মনীষীদের ছবি নষ্ট করে। এই রকম দুর্বৃত্তায়নের নক্কারজনক ঘটনা খুবই দুর্ভাগ্যের।' এই ঘটনার পর এবিভিপি ছাত্রদের ওপর হামলা চালানো হয়েছে, এই অভিযোগ তুলে তারা কলেজের সামনে রাস্তা অবরোধ শুরু করে। ঘটনার খবর পেয়ে বনগাঁর মহকুমা পুলিশ আধিকারিকের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি সামাল দেয়। এই ঘটনার জেরে কলেজের অধ্যক্ষের পাশাপাশি তৃণমূল ছাত্র পরিষদ এবং এবিভিপি দুই পক্ষই একে অপরের বিরুদ্ধে গোপালনগর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে।

# পুলিশ পেটাতে মহিলাদের অস্ত্র তুলে নিতে বললেন সায়ন্তন

**যজ্ঞেশ্বর জানা**
খেজুরি, ১ আগস্ট

ফের বেলাগাম বিজেপি–র রাজ্য সাধারণ সম্পাদক সায়ন্তন বসু। খেজুরিতে তৃণমূল এবং পুলিশকে রুখতে মহিলাদের অস্ত্র তুলে নেওয়ার নিদান দিলেন তিনি। বললেন, 'বাড়িতে লঙ্কার গুঁড়ো তৈরি রাখুন। আর বাড়ির দা–গুলোকে (কাস্তে) একটু ধার দিয়ে দিন। রাতে যখন হার্মাদ যাবে, পুলিশ যাবে ওই দা আর লঙ্কাগুঁড়ো যথেচ্ছ ব্যবহার করুন।' তাঁর এই মন্তব্যকে ঘিরে তৈরি হয়েছে তীব্র বিতর্ক। কীভাবে তিনি মহিলাদের অস্ত্র হাতে তুলে নিতে বললেন, তা নিয়ে সরব হয়েছে তৃণমূল। পূর্ব মেদিনীপুর জেলা তৃণমূলের আহ্বায়ক বিধায়ক অর্ধেন্দু মাইতি বলেন, 'বিজেপি নেতা সায়ন্তন বসু প্রকাশ্য সভাতে মহিলাদের অস্ত্র তুলে নেওয়ার অর্থাৎ হাতে আইন তুলে নেওয়ার কথা বলেছেন। জেলা সভাপতি শিশির অধিকারী দিল্লি থেকে ফিরলেই তাঁর সঙ্গে আলোচনা করে এবিষয়ে আইনি ব্যবস্থা নেওয়া হবে।' পুলিশের তরফেও সায়ন্তনের মন্তব্যের ভিডিও ফুটেজ খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণের কথা জানিয়েছেন কাঁথির অতিরিক্ত পুলিশ সুপার (গ্রামীণ) আরবিন্দকুমার আনন্দ। পুলিশকে আটকাতে মহিলাদের এগিয়ে আসার বার্তা দিয়ে সায়ন্তন আরও বলেন, 'রাতের বেলা যদি পুলিশ আপনার বাড়িতে যায়, তা হলে মহিলাদের দিয়ে এফআইআর করান। থানায় এফআইআর না নিলে আদালতের মাধ্যমে এফআইআর করা হবে।' পাশাপাশি পুলিশকে হুঁশিয়ারি দিয়ে বলেন, 'যে সব পুলিশ অফিসার এখন তৃণমূলের তল্পিবাহক হয়েছেন এবং তৃণমূলের হয়ে গান গাইছেন, তাঁদের আর এক বছর সময় দিলাম। যত পারবেন, অত্যাচার করে নিন। এরপর আমাদের সরকার হবে। যত অত্যাচার করেছেন, তার দ্বিগুণ অত্যাচার ফিরিয়ে দেব।'

# জোর করে সদস্য সংগ্রহ বিজেপি–র, উত্তেজনা

**আবির রায়**
দুর্গাপুর, ১ আগস্ট

বৃহস্পতিবার সকালে জোর করে বিজেপি–র সদস্য সংগ্রহ করাকে কেন্দ্র করে উত্তেজনা দেখা দেয় দুর্গাপুরের শোভাপুর গ্রামে। অভিযোগ শোভাপুর–বিজরা এলাকায় বিজেপি কর্মীরা জোরজবরদস্তি করে সদস্য সংগ্রহ শুরু করলে স্থানীয় তৃণমূল নেতা শিবাজি মুর্মু কিছু কর্মী নিয়ে তাদের ওই কাজ করতে নিষেধ করেন। বিজেপি সেই নিষেধ না শুনলে দুই পক্ষের মধ্যে বচসা শুরু হয়। সেই সময় বিজেপি কর্মীরা আচমকাই মারমুখি হয়ে ওঠে। স্বভাবতই ওই অঞ্চলে উত্তেজনা দেখা দেয়। ঘটনায় স্থানীয় কয়েকজন মহিলার পাশাপাশি বেশ কয়েকজন আহত হন। যদিও বিজেপি–র তরফে তাদের সদস্য সংগ্রহ করার আবেদনপত্র ছিঁড়ে দেওয়ার অভিযোগ তোলা হয়েছে। অবশ্য বিজেপি–র এই অভিযোগ সত্য নয় বলে জানিয়েছে তৃণমূল। ওই সময় বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা তৃণমূল নেতা শিবাজি মুর্মুর বাড়িতে হামলা চালায়। শুধু তাই নয়, তাঁর বাড়ি ভাঙচুরও করে। ঘরে রাখা তৃণমূল নেতার এক বাইক–সহ ঘরের সমস্ত আসবাবপত্র ভেঙে চুরমার করে দেয় বলে অভিযোগ। ঘরের রান্নার সরঞ্জাম বাইরের উঠানে ফেলে দেওয়ারও অভিযোগ উঠেছে। মারমুখি বিজেপি কর্মী ও সমর্থকদের হাতে নিগৃহীত হন ওই তৃণমূল নেতার বোন লক্ষ্মী হাঁসদা। জখম অবস্থায় তাঁকে দুর্গাপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। তৃণমূল নেতা শিবাজি মুর্মু জানান, দলীয় কার্যালয় থেকে ফেরার সময় তিনি দেখেন বিজেপি–র কর্মীরা তাঁর বাড়ি ভাঙচুর করছে। দুর্গাপুর থানার পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এলাকায় পুলিশ পিকেট বসানো হয়েছে।


আজকাল

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

নদীয়া

কৃষ্ণনগর
শিল্পশ্রী জুয়েলারি
প্রযত্নে সুভাষ কর্মকার
হাইস্ট্রিস, কৃষ্ণনগর
নবদ্বীপ
ডি সি স্টোর
প্রযত্নে:জয়ন্তকুমার ভট্টাচার্য
নবদ্বীপ বাজার রোড
করিমপুর
আশুতোষ বিশ্বাস
করিমপুর সিনেমার নিকটে
করিমপুর ৭৪১১৫২
বড়জাগুলি
শ্যামলী
দিলীপ সরকার
চৌমাথা, পোঃ বড়জাগুলি
রানাঘাট
প্রান্তিক
প্রযত্নে: শ্রীবিভাস গোস্বামী
৭২, সুভাষ এভিনিউ
রানাঘাট, নদীয়া

হুগলি

বৈদ্যবাটি
অঙ্গশ্রী
১৬৮, জি টি রোড
১১ নং রেলগেট, বৈদ্যবাটি
ব্যান্ডেল
পিনাকী সু সেন্টার
প্রযত্নে সুনীলকুমার ঘোষ
ব্যান্ডেল স্টেশন রোড
জি টি রোড ক্রসিং
শ্রীরামপুর
সুমিতা ব্লাউজ স্পেশালিস্ট
৪, রাজেন্দ্র বাগ রোড
শ্রীরামপুর
বাঁশবেড়িয়া
হংসেশ্বরী টেলার্স
(ব্লাউজের দোকান)
১৬, বিবেকানন্দ মেন রোড
বাঁশবেড়িয়া বাজার,
পোস্ট অফিস
(খেয়াঘাটের পাশে)
চন্দননগর
প্রদীপ ঘোষ
(চন্দননগর স্টেশনের কাছে)
বৌবাজার
ডানকুনি
ডানকুনি আর্ট অ্যান্ড মডেলিং সেন্টার
প্রযত্নে: অখিল চ্যাটার্জি
পো: ডানকুনি
(খেলার মাঠের কাছে)
উত্তরপাড়া
প্রীতি কসমেটিক ও গিফট সেন্টার
প্রযত্নে: তিলক পাল
১০৯ নং বি কে স্ট্রিট
(শঙ্কর ভবন)
শেওড়াফুলি
নিউ মহালক্ষ্মী স্টোর্স
প্রযত্নে: স্বপনকুমার দে
২৩, নোনাডাঙা রোড
শেওড়াফুলি



SUMEDHA
adding values to value

সুমেধা ফিসক্যাল সার্ভিসেস লিমিটেড
CIN: L70101WB1989PLC047465
রেজিস্টার্ড অফিস: ৬এ, গীতাঞ্জলি, ৮ বি, মিডলটন স্ট্রিট, কলকাতা–৭০০০৭১
ফোন: ৯১৩৩২২২৯৮৯৩৬/৬৭৫৮/৩২৩৭/৪৪৭৩
ফ্যাক্স: ৯১৩৩২২২৬৪১৪০/২২৬৫৫৮৩০
ই–মেল: investors@sumedhafiscal.com
ওয়েবসাইট: www.sumedhafiscal.com

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ৩০ জুন, ২০১৯ তারিখে সমাপ্ত তিনমাস মেয়াদের অপরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করার জন্য কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর্স–এর একটি সভা অনুষ্ঠিত হবে আগামী সোমবার ১২ আগস্ট, ২০১৯ তারিখে। কোম্পানির ইক্যুইটি শেয়ার লেনদেনের ট্রেডিং উইনডো বন্ধ করা হয়েছে ও তা খুলবে উক্ত আর্থিক ফলাফল প্রকাশের ৪৮ ঘণ্টা পরে।
এই বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট: (www.sumedhafiscal.com) এবং বম্বে স্টক এক্সচেঞ্জের (www.bseindia.com)–এ।

সুমেধা ফিসক্যাল সার্ভিসেস লিমিটেড–এর পক্ষে



টেক্সম্যাকো রেল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড
CIN: L29261WB1998PLC087404
রেজিঃ অফিস: বেলঘরিয়া, কলকাতা– ৭০০ ০৫৬
ফোন: (০৩৩) ২৫৬৯১৫০০,
ফ্যাক্স: (০৩৩) ২৫৪১২৪৪৮

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন অনুযায়ী এতদ্দ্বারা বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ৩০ জুন, ২০১৯ পর্যন্ত কোম্পানির ১ম ত্রৈমাসিক মেয়াদের অপরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও রেকর্ডভুক্ত করার জন্য কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর্স–এর একটি সভা অনুষ্ঠিত হবে আগামী বৃহস্পতিবার, ৮ আগস্ট, ২০১৯ তারিখে, বেলা ১১.৪৫–এ কলকাতা–৭০০০৫৬–তে।
এই বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট: www.texmaco.in এবং স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট: www.nseindia.com, www.bseindia.com এবং www.cse-india.com–এ।

টেক্সম্যাকো রেল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড–এর পক্ষে
ডি এইচ কেলা
এক্সিকিউটিভ ডিরেক্টর
বেলঘিয়া,
কলকাতা– ৭০০ ০৫৬
তারিখ: ১ আগস্ট, ২০১৯



ডেটস রিকভারি ট্রাইবুনাল (প্রোসিডিওর রুলস, ১৯৯৩–এর রুল ৫–এর সাব–রুল (২এ)–সহ পঠনীয় অ্যাক্টের সেকশন–১৯–এর সাব–সেকশন (৪) অনুযায়ী সমন
ডেটস রিকভারি ট্রাইবুনাল–III, কলকাতা সমীপে


নজরকাড়া

## বিজেপি ঠেকাতে জন্মদিনে

## গঙ্গায় জলস্তর বাড়তেই